



এরদোয়ানের সঙ্গে বৈঠকে বসবেন পাকিস্তানের প্রধানমন্ত্রী



শাহবাজ শরিফ ও রিসেপ তাইয়োপ এরদোয়ান। ছবি: সংগৃহীত

তুরস্কের আন্টালিয়ায় অনুষ্ঠিত আন্টালিয়া ডিপ্লোমেসি ফোরামে যোগ দিতে পৌঁছেই দেশটির পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদানের সঙ্গে বৈঠক করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ।

শুক্রবার সকালে অনুষ্ঠিত ওই বৈঠকে ফিদান ফোরামে অংশগ্রহণের জন্য শাহবাজ শরিফকে ধন্যবাদ জানান এবং জানান, প্রেসিডেন্ট রিসেপ তাইয়োপ এরদোয়ান তার সঙ্গে পৃথক বৈঠকের অপেক্ষায় আছেন।

বৈঠকে শাহবাজ শরিফ তুরস্কের আতিথেয়তার প্রশংসা করেন এবং দেশটিকে নিজের 'দ্বিতীয় ঘর' হিসেবে উল্লেখ করেন। এ সফরে তার সঙ্গে রয়েছেন পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার এবং প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী সৈয়দ তারিক ফাতেমি।

ফোরামের ফাঁকে ইসহাক দার একাধিক দেশের পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। তিনি বসনিয়া ও হার্জেগোভিনা, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, উত্তর সাইপ্রাস এবং দক্ষিণ কোরিয়ার প্রতিনিধিদের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতা নিয়ে আলোচনা করেন।

এদিকে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ফোরামের উদ্বোধনী অধিবেশনে অংশ নেওয়ার পাশাপাশি বৈশ্বিক চ্যালেঞ্জ ও পাকিস্তানের অবস্থান নিয়ে একটি প্যানেল আলোচনায় বক্তব্য রাখবেন।

এর আগে তিনি সৌদি আরব ও কাতার সফর করেন, যেখানে আঞ্চলিক স্থিতিশীলতা ও অর্থনৈতিক সহযোগিতা নিয়ে আলোচনা হয়।

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার প্রেক্ষাপটে এই সফরকে কূটনৈতিকভাবে গুরুত্বপূর্ণ হিসেবে দেখা হচ্ছে।